

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৮, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সম্বায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

গৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই আষাঢ় ১৪১১/২৭শে জুন ২০০৮

এস, আর, ও নং ২০০৮-আইন/২০০৮—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও
নং ৪২-আইন/২০০৮, তারিখ ১৭ই ফেব্রুয়ারী, ২০০৮ ইংরেজী মোতাবেক ৫ই ফারুন, ১৪১০ বাংলা
দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে
Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বিলিয়া
উন্নিষিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ
জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য সিরাজগঞ্জ জেলার ডেপুটি
কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে
মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর অধীনে উক্ত এলাকা
সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৩৮০১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৬ই আষাঢ়, ১৪১১ বাংলা মোতাবেক ৩০শে জুন, ২০০৮ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) কর্পে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি বেলকুচি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	রাজাপুর	বয়রাবাড়ী	৬২	১—৪১১
(২)	ভাঙ্গাবাড়ী	গাড়মাসী	৭৪	১ $\frac{৫৬০}{২১৭৮}$
(৩)	রাজাপুর	সোবন সারা	৬৪	১৫০১—২৫২৭
(৪)	বেলকুচি	চালা	৫৮	১—১৩৮০
(৫)	বেলকুচি	মুকুন্দগাঁও	৫৭	১—১০৯০
(৬)	বেলকুচি	দেলুয়া	৬১	২৫০১—৫৬২০
(৭)	বেলকুচি	কিন্দু মাটিয়া	৫৯	০১—২২০৪
(৮)	বেলকুচি	সোহাগপুর	৬০	১ $\frac{১০১১}{১২৪১}$
(৯)	দৌলতপুর	কামারপাড়া সেরনগর	৫৬	১—২৭৭০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।